দৈনিক ইত্তেফাক

১০৭

তারিখ 25 DEC 1993
পৃষ্ঠা 2 কলাম

## বিএম কলেজে শিক্ষক স্বল্পতা

বরিশালের সরকারী বি,এম কলেজের বিভিন্ন বিভাগে অনেক শিক্ষকের পদ দীর্ঘদিন যাবৎ খালি রহিয়াছে। গণিত বিভাগে চারটি শিক্ষকের পদ আছে। ইহা এমনিতেই প্রয়োজনের তুলনায় কম। তদুপরি ৬ মাস যাবৎ একটি পদ শূন্য রহিয়াছে। ফলে তিনজন শিক্ষককেই অনার্স, মাষ্টার্স, বি, এস, সি, (পাস) ও ইন্টারমিডিয়েটের ক্লাস নিতে হইতেছে। ফলে শিক্ষকদের ইচ্ছা থাকা সত্ত্বেও তাহারা প্রয়োজনমত ক্লাস নিতে পারিতেছেন না। এক অবস্থা অন্যান্য বিভাগেরও। এমতাবস্থায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট আবেদন, পর্যাপ্ত পদ সৃষ্টি করিয়া এবং শূন্য পদগুলিতে অবিলম্বে শিক্ষক নিয়োগ করিয়া আমাদের যথাযথ শিক্ষালাভের সুযোগ দিন।

—সঞ্জীব কুমার মিশ্র সবুজ,
গণিত বিভাগ, সরকারী বি,এম কলেজ, বরিশাল।